

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৪৩০

তারিখ: ২ কার্তিক ১৪২৫

১৭ অক্টোবর ২০১৮

বিষয়: সদ্য বিলুপ্ত অধুনালুপ্ত ছিটমহলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষক নিবন্ধন সহ সকল শর্ত শিথিল সাপেক্ষে শিক্ষক কর্মচারীদের এম.পি.ও ভুক্তি সংক্রান্ত প্রাপ্ত আবেদনের উপর মতামত প্রদান।

সূত্র: : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা : ০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০২.২০১৮-৩১৩ তারিখ : ১৯.০৭.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, সভাপতি এবং সাধারণ সম্পাদক, বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় সমন্বয় কমিটি (বাংলাদেশ ইউনিট) ফুলবাড়ী, কুড়িগ্রাম কর্তৃক যৌথ স্বাক্ষরে সদ্য বিলুপ্ত অধুনালুপ্ত ছিটমহলে অবস্থিত ১২ (বার) টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের নিবন্ধন সহ সকল শর্ত শিথিল করে এম.পি.ও ভুক্তি করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে আবেদন করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সুদ্রোক্ত স্মারকে আবেদন সমূহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে।

০২. এমতাবস্থায়, সুদ্রে প্রাপ্ত ১২ (বার)টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের এম.পি.ও ভুক্তি সংক্রান্ত আবেদনের বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য ১২ (বার) টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা এতসঙ্গে প্রেরণ করা হলো :

সংযুক্তি : বর্ণনামতে



১৭-১০-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

বিতরণ :

- ১) জেলা প্রশাসক, পঞ্চগড়/কুড়িগ্রাম/লালমনিরহাট।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৪৩০/১(৩)

তারিখ: ২ কার্তিক ১৪২৫

১৭ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় সমন্বয় কমিটি (বাংলাদেশ ইউনিট)
ফুলবাড়ী, কুড়িগ্রাম



১৭-১০-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব